



বাংলাদেশ চা বোর্ড  
প্রধান কার্যালয়  
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড  
নাসিরাবাদ, চট্টগ্রাম।

"বেশী বেশী লিকার চা পানে  
ক্যান্সার, হৃদরোগ হার মানে"।

পুরাতন অকেজো গাড়ী, অকেজো জেনারেটর, ব্যবহার অনুপযোগী মালামাল এবং যন্ত্রপাতি বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি।


বাংলাদেশ চা বোর্ডের অধীন বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট এর নিম্নলিখিত গাড়ীসমূহ, চা বোর্ড প্রধান কার্যালয়ের অকেজো জেনারেটর, ব্যবহার অনুপযোগী মালামাল এবং যন্ত্রপাতি যেখানে যে অবস্থায় আছে, তার ভিত্তিতে নিম্নোক্ত শর্তে বিক্রয়ের জন্য সীলগালাকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

লট নং	গাড়ী নং	গাড়ীর বিবরণ	মডেল	যে স্থানে আছে।
লট নং-১	মৌলভীবাজার- ম- ০২-০০০৪	ল্যান্ড রোভার পিক-আপ	১৯৮৭	বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
লট নং-২	মৌলভীবাজার- ম- ০২-০০০৫	ল্যান্ড রোভার পিক-আপ	১৯৮৭	বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার
লট নং-৩	মৌলভীবাজার- ম- ০২-০০০৬	ল্যান্ড রোভার পিক-আপ	১৯৮৭	বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার

লট নং	-	বিবরণ	যে স্থানে আছে।
লট নং-৪	অকেজো জেনারেটর	জেনারেটর এর বিবরণ (বিস্তারিত দরপত্রে পাওয়া যাবে)	বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, ১৭১-১৭২, নাসিরাবাদ, চট্টগ্রাম।
লট নং-৫	ব্যবহার অনুপযোগী মালামাল ও যন্ত্রপাতি	ব্যবহার অনুপযোগী মালামাল ও যন্ত্রপাতি (বিস্তারিত দরপত্রে পাওয়া যাবে)	বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, ১৭১-১৭২, নাসিরাবাদ, চট্টগ্রাম।

শর্তাবলী :

- প্রতিটি গাড়ী, জেনারেটর এবং ব্যবহার অনুপযোগী মালামাল ও যন্ত্রপাতি উপরোল্লিখিত ঠিকানায় যে কোন কর্মদিবসে সকাল ৯.০০ টা হতে বিকেল ৪.০০ টা পর্যন্ত পরিদর্শন করা যাবে।
- প্রতিটি গাড়ী, অকেজো জেনারেটর এবং ব্যবহার অনুপযোগী মালামাল ও যন্ত্রপাতির জন্য পৃথক পৃথক ভাবে লট ভিত্তিক আর্নেস্ট মানি হিসাবে দরপত্রের উদ্ধৃত মূল্যের ৫% হারে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে সচিব, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রামের অনুকূলে জমা দিতে হবে। আর্নেস্ট মানি বিহীন দরপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। প্রতিটি গাড়ী, অকেজো জেনারেটর এবং ব্যবহার অনুপযোগী মালামাল ও যন্ত্রপাতির জন্য পৃথক খামে দরপত্র দাখিল করতে হবে। খামের উপর লট নং লিখতে হবে।
- দরপত্র সিডিউল আগামী ০২/০২/২০১৫ তারিখ থেকে ১৬/০২/২০১৫ তারিখ পর্যন্ত বাংলাদেশ চা বোর্ড প্রধান কার্যালয়, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম এবং বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার হতে অফিস চলাকালিন সময় ৪০০/- (চারশত) টাকার বিনিময়ে (অফেরৎযোগ্য) সংগ্রহ করা যাবে। উল্লেখ্য যে, লট নং- ৪ ও ৫ এর দরপত্র সিডিউল শুধুমাত্র চা বোর্ড প্রধান কার্যালয়ে পাওয়া যাবে।
- সীলগালাকৃত দরপত্র আগামী ১৭/০২/২০১৫ তারিখ দুপুর ১২.০০ টার মধ্যে চা বোর্ড প্রধান কার্যালয়, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম এ রক্ষিত টেন্ডার বাক্সে জমা দিতে হবে। ঐ দিনই দুপুর ১২.৩০ মিনিটে উপস্থিত দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রাপ্ত দরপত্র সমূহ খোলা হবে।
- দরপত্রদাতাকে কার্যাদেশ প্রাপ্তির (সাত) দিনের মধ্যে নগদ মূল্য পরিশোধ পূর্বক গাড়ী, জেনারেটর এবং পুরাতন মালামাল গ্রহণ করতে হবে। অন্যথায় আর্নেস্ট মানি বাজেয়াপ্ত হিসাবে গণ্য হবে।
- দরপত্র দাখিলের পর গাড়ী সম্পর্কে কোনরূপ প্রতিকূল মন্তব্য/মতামত গ্রহণযোগ্য হবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

  
সচিব  
বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম